ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬৪১
আগরতলা, ০৭ জানুয়ারি, ২০২৬

## ৪৪-তম আগরতলা বইমেলা
## ষষ্ঠ দিনে বিভিন্ন অনুষ্ঠান

আজ ছিল ৪৪-তম আগরতলা বইমেলার ষষ্ঠ দিন। প্রতিদিনের মতো আজও বইমেলার মঞ্চে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান, বইপ্রকাশ, আলোচনাচক্র, কবি সম্মেলন, ক্যুইজ ও আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতা। গতকাল আগরতলা বইমেলার পঞ্চম দিনে ১১ লক্ষ ৯ হাজার ১২টাকার বই বিক্রি হয়েছে। বইমেলায় গত পাঁচদিনে বিক্রি হয়েছে ৫৪ লক্ষ ৫ হাজার ৮৯৮ টাকার বই। গতবছর আগরতলা বইমেলার প্রথম পাঁচদিনে ৫১ লক্ষ ৫৩ হাজার ৫৫৭ টাকার বই বিক্রি হয়েছিল।

আজ সাংস্কৃতিক অনুষ্ঠানে খোয়াই জেলার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। 'ত্রিপুরায় লিটল ম্যাগাজিন, তরুণ প্রজন্মের সাহিত্য চেতনা' বিষয়ে আলোচনায় অংশ নেন নকুল রায়, সন্দীপ দেব, বিজন বোস, ইন্দ্রানী সাহা। মেমরি ডেভেলপমেন্ট বিষয়ে মতবিনিময় সভা সঞ্চালনা করেন অনিমেষ মজুমদার। কবি সম্মেলনে ধলাই ও পশ্চিম ত্রিপুরা জেলার কবিগণ কবিতা পাঠ করেন। আজ বইমেলায় মনু থেকে ফেনী প্রকাশনীর ১৮টি বই প্রকাশিত হয়।

*****